রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১৬, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কৃষি মন্ত্রণালয়**

**উপকরণ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ পৌষ ১৪২৬/৩০ ডিসেম্বর ২০১৯

নং **১২.০০.০০০০.০২৬.৪০.০৩৩.১৯.২৮৩**—সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ৭ ধারায় অর্পিত ক্ষমতাবলে ১৩ নভেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় সার প্রমিতকরণ কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে কৃম/উপ-২/সার-১/২০০৮/১৫৬ সংখ্যক প্রজ্ঞাপন; তারিখ : ০২-০৪-২০০৮ এবং ১২.০২৬.০৪০.০০.০০.০০৪.২০১০-৫০ সংখ্যক সংশোধিত প্রজ্ঞাপন; তারিখ : ১৪-০৩-২০১২ এ উল্লিখিত সারের উপাদান ও পরিমাণের বিনির্দেশ যথাযথ অনুসরণ করার শর্তে “ Rhizopex-S (Bradyrhizobium japonicum)” নামীয় অনুজীব সারটির আবেদনকারী প্রতিষ্ঠান : এপেক্স বায়োফার্টিলাইজারস এন্ড বায়োপেস্টিসাইডস লিমিটেড, গ্রাম : মদনপুর, ডাকঘর : পন্ডিতপুর, উপজেলা : গোবিন্দগঞ্জ, জেলা : গাইবান্ধা এর অনুকূলে নিম্নে বর্ণিত বিনির্দেশ ও শর্তাবলির আলোকে এতদ্বারা সরকার কর্তৃক অনুমোদন প্রদান করা হলো :

১. <u>বিনির্দেশ</u>

কৃম/উপ-২/সার-১/২০০৮/১৫৬ সংখ্যক প্রজ্ঞাপন; তারিখ : ০২-০৪-২০০৮ এবং ১২.০২৬.০৪০.০০.০০.০০৪.২০১০-৫০ সংখ্যক সংশোধিত প্রজ্ঞাপন; তারিখ : ১৪-০৩-২০১২ মোতাবেক জারীকৃত বর্ণিত জৈব সারের সরকার অনুমোদিত বিনির্দেশ এর সাথে ল্যাবরেটরি পরীক্ষার ফলাফল সঙ্গতিপূর্ণ হওয়ায় সয়াবিন (রবি) উৎপাদনের জন্য ব্যবহার করা যাবে।


মূল্য : টাকা ৪.০০

২. শর্তাবলি :

ক) সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ধারা ১৩(১) এবং সার (ব্যবস্থাপনা)(সংশোধন) আইন, ২০০৯ অনুযায়ী সারের বস্তার গায়ে লেবেল লাগাইতে হইবে।

খ) লেবেলে নিম্নে বর্ণিত তথ্যাদি স্পষ্টাক্ষরে ও সহজে দৃশ্যমানভাবে বাংলা বা ইংরেজিতে লিখিতে হইবে, যথা :—

i) সারের নাম (ব্রান্ড নাম যদি থাকে উহাও উল্লেখ করিতে হইবে) ;

ii) সারের বিদ্যমান আবশ্যকীয় উদ্ভিদ পুষ্টি উপাদানের নাম এবং উহার শতকরা হার ;

iii) সারের নীট ওজন ;

iv) প্রস্তুতকারকের নাম, ঠিকানা, নিবন্ধন নম্বর ও যে দেশে প্রস্তুত সেই দেশের নাম ;

v) নিশ্চয়তা বিশ্লেষণ (Guaranteed Analysis) ;

vi) উৎপাদনের তারিখ ; এবং

vii) সর্বোচ্চ খুচরা মূল্য (MRP)।

গ) খোলা অবস্থায় অনুজীব সার বাজারজাত করা যাইবে না;

ঘ) মোড়কজাত করিয়া বিক্রি করিতে হইবে;

ঙ) মোড়কজাত ( লেবেলসহ) এর নমুনা জাতীয় সার প্রমিতকরণ কমিটি'র আগামী সভায় উপস্থাপন করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ তোফাজ্জল হোসেন**
যুগ্মসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.